

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)

দক্ষিণ খান শাখা, ঢাকা।

আব্দুল জব্বার নাঈমা টাওয়ার, হোল্ডিং-১৬, বীর মুক্তিযোদ্ধা
এস এম মোজাম্মেল হক রোড (কসাইবাড়ী), দক্ষিণ খান, ঢাকা-১২৩০।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক

বন্ধকী সম্পত্তি নিলামে বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউসিবি, দক্ষিণ খান শাখার ঋণগ্রহীতা মেসার্স ম্যাগনেট ডোর ইন্ডাস্ট্রিজ, প্রোপ্রাইটর-মোঃ মাজহারুল হক মঞ্জু, পিতা-মৃত মফিজ উদ্দিন, মাতা-রাবেয়া খাতুন, ব্যবসায়িক ঠিকানা: ৬৩/৩, আনোয়ার জং রোড, পোঃ গোরিপুর, থানা: আশুলিয়া, জেলা: ঢাকা-১২৩০, বর্তমান ঠিকানা: ১৪৬/৩, জোয়ার সাহারা বাজার, থানা: বাড্ডা, জেলা: ঢাকা ও স্থায়ী ঠিকানা: ফেটালিয়া, পোঃ তেজগাঁও, থানা: কাপাসিয়া, জেলা: গাজীপুর কর্তৃক ইউসিবি, দক্ষিণ খান শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২৪/০৩/২০২৪ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ২,৮১,৫৫,৯০৭.১০ (দুই কোটি একাশি লক্ষ পঞ্চাশ হাজার নয়শত সাত দশমিক এক শূন্য) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/ প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

All that piece & parcel of land measuring 25.55 (twenty five point double five) Decimals (alongwith all structures constructed or to be constructed thereon); situated within the District : Dhaka: P.S. :Badda: S.R. Office: Badda, Dhaka: under the Dhaka Collectorate Touzi No. J.L. Nos. C.S.:295, S.A.:117, R.S. :24, City Survey :7; Mouza: Kathaldia; pertaining to the Khatian Nos.: C.S. :128 & 202; S.A. :404; R.S. :363; City Survey :1695 (one six nine five): under Dag Nos.: - C.S.:1015 & 1017: S.A. :1015 & 1017; R.S. 2781 & 2782: City Survey:10214 (ten thousand two hundred and fourteen), 10215 (ten thousand two hundred and fifteen): respectively and along with other dags; mutated as per City Survey operation under Mutation- Khatian No. 3890 corresponding to City Survey Dag No. 10214, 10215 by 153 opening a separate City Survey Mutation Jot being No. 3 in his name, in Mutation & Separation Case No. 1370/11-12 dated 15.09.2011; butted & bounded by:- On the North: Sold land of Tota, On the South: Bashundhara, On the East: Bashundhara & On the West: Bashundhara.

নিলামের শর্তাবলী

- (১) আগামী ০৮/০৫/২০২৪ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, দক্ষিণ খান শাখায় রক্ষিত বাস্তব সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, দক্ষিণ খান শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্ন স্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/ পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি), দক্ষিণ খান শাখা, ঢাকা।